DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF)  তৈরি: 15 Jul 2026, 08:08 PM

বিনোদন

# বিরতির অবসান, ফিরছেন বুবলী

প্রতিবেদক: Dhaka Probe
প্রকাশের তারিখ: মঙ্গলবার, ০৭ জুলাই ২০২৬, ০১:১৭ PM



দীর্ঘ বিরতির পর আবারও বড়পর্দার কাজে ফিরতে যাচ্ছেন ঢালিউডের জনপ্রিয় চিত্রনায়িকা শবনম বুবলী। মাতৃত্বকালীন বিরতির কারণে কিছুদিন অভিনয় থেকে দূরে থাকলেও আগামী সেপ্টেম্বর থেকে নতুন সিনেমার শুটিং শুরু করার কথা রয়েছে তার।

পরিচালক জাহিদ হোসেন নির্মাণ করছেন নতুন চলচ্চিত্র ঢাকাইয়া দেবদাস। এতে বুবলীর বিপরীতে অভিনয় করবেন আদর আজাদ।

পরিচালক জানান, বুবলী বর্তমানে সন্তান ও নিজের শারীরিক সুস্থতার দিকে সময় দিচ্ছেন। তিনি শারীরিকভাবে প্রস্তুত হলেই সেপ্টেম্বর মাসে শুটিংয়ে যোগ দেবেন। এর মধ্যে সিনেমার অন্যান্য অংশের কাজ এগিয়ে নেওয়া হবে।

পুরান ঢাকার ভাষা, সংস্কৃতি ও জীবনযাপনকে কেন্দ্র করে নির্মিত হচ্ছে ঢাকাইয়া দেবদাস। সিনেমাটিতে আদর আজাদকে দেখা যাবে একজন শিয়া যুবকের চরিত্রে এবং বুবলী অভিনয় করবেন একজন সুন্নি তরুণীর ভূমিকায়। চরিত্রের প্রয়োজনে উভয়কেই উর্দু ভাষায় সংলাপ

বলতে হবে।

নির্মাতা আরও জানান, ছবিটি শুধু বাণিজ্যিক উদ্দেশ্যে নয়, আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবেও প্রদর্শনের লক্ষ্য নিয়ে তৈরি করা হচ্ছে। পরে এটি দেশের প্রেক্ষাগৃহেও মুক্তি দেওয়া হবে।

---

## এ বিভাগের আরও খবর



**ছোটবেলার ছবিটির পেছনের গল্প বলে আবেগপ্রবণ হয়ে পড়লেন পূর্ণিমা**

ঢালিউডের জনপ্রিয় অভিনেত্রী দিলারা হানিফ পূর্ণিমা বড় পর্দায় এখন আগের মতো নিয়মিত না হলেও, বিনোদন অঙ্গনে তাঁর উপস্থিতি ও জনপ্রিয়তা একটুও কমেনি।...



**শিক্ষা খাত পুনর্গঠনে বিশ্বনেতাদের এগিয়ে আসার আহ্বান শাকিরার**

ভেনেজুয়েলার শিক্ষা খাত পুনর্গঠনে বিশ্বনেতাদের এগিয়ে আসার আহ্বান জানিয়েছেন কলম্বিয়ান পপসম্রাজ্ঞী শাকিরা। গত ২৪ জুনের প্রলয়ংকরী ভূমিকম্পে শিক্...



**বাংলার পর্যটনশিল্পের নতুন মুখ সানি লিওন**

সানি লিওন নাকি মন্দারমণিতে। এমন খবরে নেটিজেনদের মাঝে শোরগোল। একবার পছন্দের অভিনেত্রীর দর্শন কি পেতে পারেন তার ভক্ত-অনুরাগীরা? এ নিয়ে সামাজি...



**প্রথমবার একসঙ্গে বড় পর্দায় আরিফিন শুভ ও কেয়া পায়েল**
ঢালিউডের জনপ্রিয় চিত্রনায়ক আরিফিন শুভ এবং ছোট পর্দার তুমুল জনপ্রিয় অভিনেত্রী কেয়া পায়েল প্রথমবার একসঙ্গে জুটি বেঁধে বড় পর্দায় আসছেন। ওটিটি প...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://www.dhakaprobe.com/entertainment/birtir-obsan-firchhen-bubli